

# 2010 সালের সেন্সাস ফর্মের উত্তর দেওয়া আপনার পক্ষে নিরাপদ এবং আপনার কমিউনিটির জন্যও গুরুত্বপূর্ণ।

**প্রি:** 2010 সালের সেন্সাস গুরুত্বপূর্ণ কেন?

**উত্ত:** মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান মোতাবেক প্রতি 10 বছর অন্তর মার্কিন যুক্তরাষ্ট্রে  
বসবাসরত প্রত্যেককে গণনা করা প্রয়োজন। জাতি পরিচয়ের প্রেক্ষাপট, বয়স  
অথবা ভিসার অবস্থা নির্বিশেষে এই গণনা প্রয়োজন। প্রতি বছর 400 বিলিয়ন  
ডলারেরও বেশি ফেডারেল তহবিল থেকে আপনার সমাজ কত অংশ অনুদান পাবে,  
তা নির্ধারণ করার জন্য 2010 সালের সেন্সাস ফর্মে দেওয়া আপনার তথ্য সরকার  
ব্যবহার করবে।

**প্রি:** আমার কমিউনিটি কী ধরনের সুযোগ-সুবিধা পেতে পারে?

**উত্ত:** মাত্র 10টি প্রশ্নের উত্তর দিতে খুব বেশি হলে 10 মিনিট লাগবে। এর মধ্যমে  
আমরা বিভিন্ন ধরনের উন্নয়নের কাজে সহায়তা করতে পারব, যার মধ্যে রয়েছে  
কর্মপ্রশিক্ষণ বৃদ্ধি করা, শিক্ষার উন্নয়ন, জন পরিষেবায় সহায়তা করা ও আরও  
চিকিৎসা পরিষেবার ব্যবস্থা করা।

**প্রি:** আমি কী করে নিশ্চিত হব যে আমার তথ্য সুরক্ষিত থাকবে?


**উত্ত:** আপনার সব তথ্য গোপনীয় এবং আইন মোতাবেক অন্য কোনও সরকারি এজেন্সির  
সঙ্গে তা আদানপ্রদান করা নিষিদ্ধ। বস্তুত, আপনার দেওয়া কোনও  
তথ্যই আপনার বিবৃক্ষে ব্যবহার করা যায় না এবং এমনকী আপনার ভিসার মেয়াদ,  
আপনার ধর্ম অথবা রোজগার সম্পর্কে 2010 সেন্সাস ফর্মও জিজ্ঞাসা করে না।

**প্রি:** আমি ভিসার মেয়াদ যদি ফুরিয়ে যায় অথবা আমি যদি একজন নথিপত্রাইন  
নাগরিক হই, তখন কী হবে?

**উত্ত:** আপনার নাগরিকত্ব বা ভিসার মেয়াদ কোনও বিষয় নয়। আইন বলছে, 2010  
সেন্সাসের সময় মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করেন এমন প্রত্যেককে অবশ্যই গণনা  
করতে হবে।

**প্রি:** আমি যদি আমার 2010 সেন্সাস ফর্মটি ফেরৎ না-পাঠাই, তাহলে কী হবে?

**উত্ত:** আপনি যদি আপনার 2010 সেন্সাসের ফর্ম ডাকে ফেরৎ না-পাঠান, তবে একজন  
বন্ধুত্বপূর্ণ সেন্সাস কর্মী আপনার সম্পর্কে তথ্য সংগ্রহ করতে আপনার বাড়িতে  
যাবেন। সেন্সাস কর্মীদের কাছে সরকারি পরিচিতিপত্র আছে, তাঁরা গোপনীয়তা  
রক্ষা করতে প্রতিজ্ঞাবদ্ধ এবং যতক্ষণ না আপনাকে গণনা করা হচ্ছে ততদিন  
গণনা কর্মীরা আপনার বাড়িতে যেতে থাকবেন।



বাংলায় একটি সহায়ক নির্দেশিকার জন্য অনুগ্রহ করে দেখুন 2010census.gov

অনুগ্রহ করে আপনার সেন্সাস ফর্মটি আজই ফেরত পাঠান।

United States  
**Census**  
2010

মার্কিন যুক্তরাষ্ট্রের সেন্সাস

এটি আমাদের দায়িত্ব